

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায়  
নৈতিকতা বিষয়ক সভা

সভাপতি : ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাইকগাছা,খুলনা।

স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর , প্রশিক্ষণ হল রুম।

তারিখঃ ১৭/০৪/২০২৩ ইং

সময় : বিকাল ২.৩০ ঘটিকায়।

সভায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় সকল সদস্যদের নাম পদবীসহ স্বাক্ষর পরিশিষ্ট 'ক' দেওয়া হল।

সভায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা উন্মুক্ত করে দেন এবং গঠনমূলক বক্তব্য দেওয়ার জন্য আহ্বান করেন। সভায় মোঃবুলবুল আহমেদ (সিল) বলেন আমরা সিল ,এলএসপি এবং কৃত্রিম প্রজনন কর্মী যার যার অবস্থান থেকে নিয়মনীতি এবং আদেশ মেনে মানুষের দ্বারে দ্বারে সেবা দিয়ে যাচ্ছি। এক প্রশ্নের জবাবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন এনজিও কৃত্রিম প্রজনন কর্মীরা যাতে সেবামূল্যের বেশি না নেয় সেজন্যে তাদেরকে সতর্ক করা হয়েছে এবং উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এক প্রশ্নের জবাবে উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা ম বলেন আমরা যথাসময়ে অফিসে আসছি ও যথাসময়ে অফিস ত্যাগসহ যার যার দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে যাচ্ছি। এমনকি টিকা, কৃত্রিম প্রজনন ফি , চিকিৎসা সহ অন্যান্য সেবা যথাসময়ে যথানিয়মে দেওয়া হচ্ছে এবং জনগন এখানকার সেবা পেয়ে খুশি।

সিদ্ধান্তঃ (১) সকলে যার যার পক্ষ থেকে সেবা দেওয়ার জন্য ইউএলও মহোদয় সন্তোষ প্রকাশ করেন।

(২) ইউএলও মহোদয় বলেন হাতুড়ে ডাক্তার এবং বিভিন্ন এনজিও এআই কর্মীদের সতর্ক করা হয়েছে এবং উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

(৩) সকল কর্মচারী যথাসময়ে অফিসে আসছে এবং সঠিকভাবে যার যার দায়িত্ব পালন করছে এবং যথাসময়ে অফিস ত্যাগ করছেন। পূর্বে সিদ্ধান্ত ১০০% কার্যকরী হওয়ায় ইউএলও মহোদয় সন্তোষ প্রকাশ করেন।



ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর  
পাইকগাছা, খুলনা।